

(একই তারিখ ও পত্রের স্থলাভিষিক্ত হবে)



নির্বাচন কমিশন

বাংলাদেশ

নির্বাচন কমিশন সচিবালয়

শেরেবাংলা নগর, ঢাকা।

www.ec.org.bd

জনসংযোগ অধিশাখা

নং-১৭.০০.০০০০.০৪০.৪৭.০২৯.১৫-৩৯৮

তারিখঃ ১৫ ডিসেম্বর ২০১৫

বিষয়ঃ পৌরসভা সাধারণ নির্বাচনে স্থানীয় সাংবাদিক অনুমোদন ও পরিচয়পত্র প্রদান।

আগামী ৩০ ডিসেম্বর ২০১৫ পৌরসভা সাধারণ নির্বাচন অনুষ্ঠিত হবে। এ নির্বাচনে শুধুমাত্র নির্বাচন কমিশনের অনুমোদিত বৈধ পরিচয়পত্রধারীরাই ভোটকেন্দ্রে প্রবেশ করতে পারবেন, সেজন্য সাংবাদিকদের নির্বাচন কমিশন হতে সাংবাদিক পরিচয়পত্র প্রদান করা হবে এবং তাদের গাড়ির জন্য স্টিকার সরবরাহ করা হবে।

২। যেসব সাংবাদিক ঢাকা হতে বিভিন্ন এলাকায় নির্বাচনি সংবাদ কভার করার জন্য যাবেন তাদেরকে নির্বাচন কমিশন সচিবালয় হতে পরিচয়পত্র এবং গাড়ির স্টিকার দেয়া হবে। জেলা ও উপজেলা পর্যায়ের সাংবাদিকদের পরিচয়পত্র সংশ্লিষ্ট পৌরসভার রিটার্নিং অফিসার প্রদান করবেন।

৩। একই সাংবাদিক একাধিক পৌরসভার নির্বাচন কভার করার জন্য যেতে পারবেন। একটি জেলার কোন একটি পৌরসভার জন্য নিযুক্ত রিটার্নিং অফিসার একজন স্থানীয় সাংবাদিককে পরিচয়পত্র প্রদান করলে, ঐ সাংবাদিক প্রাপ্ত পরিচয়পত্র নিয়ে সেই জেলার সকল পৌরসভা নির্বাচনের তথ্য সংগ্রহ করতে পারবেন। প্রত্যেক পৌরসভার জন্য আলাদা আলাদা পরিচয়পত্র প্রদানের প্রয়োজন হবে না।

৪। স্থানীয় সাংবাদিকদের আবেদন প্রাপ্তি সাপেক্ষে তাদের পরিচয়পত্র দিতে হবে। কতজন স্থানীয় সাংবাদিককে পরিচয়পত্র দেয়া যায় তা প্রয়োজনে স্থানীয় প্রেসক্লাব বা সাংবাদিক নেতৃবৃন্দের সাথে আলোচনা করে নির্ধারণ করা যেতে পারে। অনলাইন নিউজ এজেন্সির সাংবাদিকদের ক্ষেত্রে যে সব অনলাইনের অন্তর্ভুক্ত একজন সাংবাদিকের পিআইডি'র এ্যাক্রিডিটেশন কার্ড রয়েছে এবং যারা নির্বাচন কমিশন বিটে নিয়মিত কাজ করেন তাদেরকে নির্বাচনের সাংবাদিক পরিচয়পত্র দেয়া যেতে পারে। পত্রিকার ক্ষেত্রে যে সব পত্রিকার নাম পিআইডি'র মিডিয়া গাইডে আছে/যারা ডিএফপি'র তালিকাভুক্ত তাদেরকে সাংবাদিক কার্ড দেয়া যেতে পারে।

৫। সংবাদ মাধ্যমের নিউজ এডিটর/ চিফ রিপোর্টার/ বার্তা প্রধানের স্বাক্ষরিত আবেদন ও সংশ্লিষ্ট সাংবাদিকদের পরিচয়পত্রসহ আবেদন করা হলে তাদের দলিলাদি যাচাই বাছাই করে তাদেরকে সাংবাদিক কার্ড দেওয়া হবে। যেসব সাংবাদিকদের কার্ড দেয়া হবে তাদের কার্ড নম্বর, নাম, প্রতিষ্ঠানের নাম রেজিস্টারে লিখে রাখতে হবে এবং অত্র সচিবালয়ে প্রেরণ করতে হবে।

৬। নির্বাচনি সংবাদ কভার করার সময় কার্ডের পেছনে উল্লিখিত নির্দেশনাসহ নিম্নোক্ত নির্দেশনা যাতে মেনে চলে সে বিষয়ে তাদেরকে পরামর্শ দিতে হবেঃ

- ক) ভোটকেন্দ্রে প্রিজাইডিং অফিসার এর অনুমতি ছাড়া ভোটকক্ষে প্রবেশ করা যাবে না;
- খ) সাংবাদিকগণ নির্বাচন সংশ্লিষ্ট কর্মকর্তাদের কার্যে হস্তক্ষেপ করতে পারবেন না;
- গ) কোন প্রকার নির্বাচনি উপকরণ স্পর্শ বা অপসারণ করা হতে বিরত থাকবেন;
- ঘ) সাংবাদিকগণ নির্বাচনে প্রার্থী বা কোন রাজনৈতিক দলের পক্ষে বা বিপক্ষে যে কোন ধরনের কর্মকাণ্ড হতে বিরত থাকবেন;

৬) নির্বাচন অনুষ্ঠানে সহায়তার জন্য সংবিধান, নির্বাচনি আইন ও বিধিবিধান মেনে চলবেন;

৭। প্রয়োজনীয় সাংবাদিক পরিচয়পত্র ও সাংবাদিক গাড়ির স্টিকার নির্বাচনি মালামালের সাথে নির্বাচন কমিশন সচিবালয়ের জনসংযোগ শাখা হতে সংগ্রহ করতে হবে।



(এস এম আসাদুজ্জামান)


পরিচালক (জনসংযোগ)

ফোনঃ ৯১৮০৮১২

- ১। রিটার্নিং অফিসার ও অতিরিক্ত জেলা প্রশাসক (সার্বিক/রাজস্ব).....(সংশ্লিষ্ট সকল)
- ২। রিটার্নিং অফিসার ও সিনিয়র জেলা/জেলা নির্বাচন অফিসার.....(সংশ্লিষ্ট সকল)
- ৩। রিটার্নিং অফিসার ও উপজেলা নির্বাহী কর্মকর্তা.....(সংশ্লিষ্ট সকল)

অনুলিপি সদয় অবগতির জন্য :

- ১। মেট্রোপলিটন পুলিশ কমিশনার.....(সংশ্লিষ্ট সকল)
- ২। আঞ্চলিক নির্বাচন কর্মকর্তা.....(সংশ্লিষ্ট সকল)
- ৩। জেলা প্রশাসক(সংশ্লিষ্ট সকল)
- ৪। পুলিশ সুপার.....(সংশ্লিষ্ট সকল)
- ৫। সহকারী রিটার্নিং অফিসার ও উপজেলা নির্বাচন কর্মকর্তা.....(সংশ্লিষ্ট সকল)



(আরাফাত আরা)

সহকারী পরিচালক (জনসংযোগ)

ফোনঃ ৯১৮০৬৮০